

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০

bpi.gov.bd

নং-২৮.০৪.০০০০.০০৩.১১.০০১.১৭- ৫৬৫

তারিখ: ২৬ জুন, ২০১৭
৮০ জ্যেষ্ঠ, ১৪২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) কর্তৃক নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত শর্তাদি পূরণ সাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল (জা:বে: স্কেল ২০১৫ অনুযায়ী)	বয়স	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪	৫
১।	প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পিএসও) (গ্রেড-৪) ৫০০০০-৭১২০০	৪৫ বৎসর; তবে উপযুক্ত প্রার্থীর ক্ষেত্রে উক্ত বয়সসীমা ৩(তিন) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।	২(দুই)টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ভূ-তত্ত্ব, ভূ- পদার্থবিদ্যা, পেট্রোলিয়াম, মেকানিক্যাল, কেমিক্যাল, মাইনিং ইঞ্জিনিয়ারিং বা তৎসংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে পিএইচডি ডিগ্রী অথবা ভূ-তত্ত্ব বা ভূ-পদার্থবিদ্যায় অন্যন প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএ তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা অন্যন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ তে স্নাতক(সম্মান) বা সমমানের ডিগ্রীসহ অন্যন প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর অথবা পেট্রোলিয়াম, মেকানিক্যাল, কেমিক্যাল, মাইনিং ইঞ্জিনিয়ারিং বা তৎসংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে অন্যন প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএ তে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী ; (খ) শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণী অথবা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না; (গ) পেট্রোলিয়াম বা খনিজ অনুসন্ধান, উন্নয়ন, গ্যাস ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন এবং গবেষণা কাজে অন্যন ১২(বার) বৎসরের অভিজ্ঞতা; তবে পিএইচডি ডিগ্রীধারীদের ক্ষেত্রে উক্ত অভিজ্ঞতা ৩ (তিন) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য; (ঘ) পেট্রোলিয়াম বা খনিজ অনুসন্ধান, উন্নয়ন ও অন্যান্য বিষয়ে পরামর্শ প্রদানের সামর্থ্য থাকতে হবে; এবং (ঙ) সংশ্লিষ্ট বিষয়ে আন্তর্জাতিক মানের জার্নালে অন্যন ২ (দুই)টি স্ট্যান্ডার্ড টেকনিক্যাল অথবা বৈজ্ঞানিক প্রবন্ধ প্রকাশনা থাকতে হবে।

২।	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (এস এস ও) (ফ্রেড-৬) ৩৫৫০০-৬৭০১০	৩৫ বৎসর	২(দুই)টি	<p>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ভূ-তত্ত্ব, ভূ-পদার্থবিদ্যা, পেট্রোলিয়াম, মেকানিক্যাল, কেমিক্যাল, মাইনিং ইঞ্জিনিয়ারিং বা তৎসংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে পিএইচডি ডিগ্রী অথবা ভূ-তত্ত্ব বা ভূ-পদার্থবিদ্যায় অনূ্যন প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রীসহ অনূ্যন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক(সম্মান) অথবা অনূ্যন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রীসহ অনূ্যন প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক(সম্মান) অথবা পেট্রোলিয়াম, মেকানিক্যাল, কেমিক্যাল, মাইনিং ইঞ্জিনিয়ারিং এ অনূ্যন প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএতে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী ;</p> <p>(খ) শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণী অথবা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না; এবং</p> <p>(গ) পেট্রোলিয়াম বা খনিজ অনুসন্ধান, উন্নয়ন, গ্যাস ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন এবং গবেষণা কাজে ৬(ছয়) বৎসরের অভিজ্ঞতা: তবে পিএইচডি ডিগ্রীধারীদের ক্ষেত্রে উক্ত অভিজ্ঞতা ৩ (তিন) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য ;</p>
৩।	বৈজ্ঞানিক কর্মকর্তা (এসও) (ফ্রেড-৯) ২২০০০-৫৩০৬০	৩০ বৎসর	৬(ছয়)টি	<p>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ভূ-তত্ত্ব, ভূ-পদার্থবিদ্যা, পেট্রোলিয়াম, মেকানিক্যাল, কেমিক্যাল, মাইনিং ইঞ্জিনিয়ারিং বা তৎসংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে পিএইচডি ডিগ্রী বা ভূ-তত্ত্ব বা ভূ-পদার্থবিদ্যায় অনূ্যন প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রীসহ অনূ্যন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক(সম্মান) ডিগ্রী বা অনূ্যন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রীসহ অনূ্যন প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক(সম্মান) অথবা পেট্রোলিয়াম, মেকানিক্যাল, কেমিক্যাল, মাইনিং ইঞ্জিনিয়ারিং এ অনূ্যন প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএতে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী ;</p> <p>(খ) শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণী অথবা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।</p>

৪।	পিএ (গ্রেড-১৩) ১১০০০-২৬৫৯০	৩০ বৎসর	১(এক)টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যান্য উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) উইন্ডো বেজড পিসি অপারেশন তথা এমএস ওয়ার্ড, এক্সেল, একসেস, পাওয়ার পয়েন্ট ইত্যাদি সম্পর্কে ব্যবহারিক জ্ঞানসহ কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির সর্বনিম্ন গতি:- বাংলা:- প্রতি মিনিটে ২৫ শব্দ ইংরেজী:- প্রতি মিনিটে ৩০ শব্দ
৫।	টেকনিশিয়ান (কম্পিউটার) (গ্রেড-১৪) ১০২০০-২৪৬৮০	৩০ বৎসর	১(এক)টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যান্য মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট হতে কম্পিউটার হার্ডওয়ার বা ইলেকট্রনিক্স বিষয়ে ডিপ্লোমাসহ কম্পিউটার বা পেরিফেরালস্ ইকুইপম্যান্ট মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে অন্যান্য ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা; এবং (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা।
৬।	সহকারী (হিসাব) (গ্রেড-১৬) ৯৩০০-২২৪৯০	৩০ বৎসর	১(এক)টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যান্য দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) হিসাব কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে; এবং (গ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা।

শর্তাবলী:-

১। আগ্রহী চাকুরি প্রার্থীকে ৪(চার) কপি ৫x৫ সে:মি: সাইজের ছবি এবং প্রয়োজনীয় তথ্য সম্বলিত এক পাতার নির্ধারিত ফরমে স্বহস্তে লিখিত/কম্পিউটারে মুদ্রণপূর্বক আবেদন করতে হবে। আবেদনের ফরম ওয়েবসাইট bpi.gov.bd এবং www.emrd.gov.bd - এ পাওয়া যাবে।

২। প্রার্থীকে নির্ধারিত আবেদন ফরমের নির্দেশ অনুযায়ী প্রয়োজনীয় তথ্য-উপাত্ত প্রদান করতে হবে।

৩। প্রার্থীকে আবেদন ফরমের সাথে অবশ্যই নিম্নের বর্ণনানুযায়ী ছবি ও ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

(ক) চাকুরি প্রার্থীর সদ্য তোলা ৪(চার) কপি ৫x৫ সে.মি. সাইজের রঞ্জিন ছবি (সরকারি/স্বায়তশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে) আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে ;

(খ) চাকুরি প্রার্থীকে “বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট” এর অনুকূলে নিয়োগ বিজ্ঞপ্তির ১, ২, ৩ নং ক্রমিকে উল্লেখিত পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা এবং ৪, ৫, ৬ নং ক্রমিকে উল্লেখিত পদের জন্য ২০০/- (দুইশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) চাকুরির আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর নম্বর ও তারিখ এবং ইস্যুকৃত ব্যাংক ও শাখার নাম আবেদন ফরমের নির্ধারিত স্থানে উল্লেখ করতে হবে।

৪। প্রার্থীদের বয়স ১৫/০৬/২০১৭ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তির নির্ধারিত কলামে উল্লেখিত বয়সসীমার মধ্যে হতে হবে। তবে প্রতিবন্ধী/মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র ও কন্যা এবং শারিরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তির ৩-৬ ক্রমিকে উল্লেখিত পদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। প্রার্থীর বয়স প্রমানের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটে লিপিবদ্ধ জন্ম তারিখ প্রকৃত জন্ম তারিখ হিসেবে গণ্য হবে। বয়স সংক্রান্ত কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৫। সরকারের সর্বশেষ জারিকৃত পরিপত্র/নীতিমালা অনুযায়ী কোটা সম্পর্কিত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

- ৬। প্রাপ্ত আবেদন সমূহ যাচাই-বাছাইয়ের পর শুধুমাত্র গ্রহণযোগ্য প্রার্থীদের প্রাথমিক নির্বাচনের লক্ষ্যে লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। পরবর্তীতে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের যোগ্যতা যাচাইয়ের জন্য সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।
- ৭। সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা গ্রহণকালে আবেদন ফরমে প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্য সমূহ প্রমাণের জন্য আবশ্যিকভাবে নিম্নলিখিত মূলসনদপত্র/ কাগজপত্র মৌখিক পরীক্ষা গ্রহণকারী কমিটি/কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে এবং সত্যায়িত কপি জমা দিতে হবে;
- (ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সার্টিফিকেট ও সকল অভিজ্ঞতা (যদি থাকে)-এর স্বপক্ষে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল প্রত্যায়ন পত্র প্রদর্শন করতে হবে এবং সবগুলোর এক সেট সত্যায়িত কপি জমা দিতে হবে;
- (খ) সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সার্টিফিকেট জমা দিতে হবে;
- (গ) ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান, পৌরসভা/সিটি করপোরেশন এর মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট প্রদর্শন করতে হবে এবং সত্যায়িত কপি জমা দিতে হবে;
- (ঘ) জাতীয় পরিচয় পত্র অথবা জন্ম নিবন্ধন সনদপত্র প্রদর্শন করতে হবে এবং সত্যায়িত কপি জমা দিতে হবে;
- (ঙ) বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমানের সার্টিফিকেট (Equivalence Certificate) প্রদর্শন করতে হবে এবং সার্টিফিকেটের সত্যায়িত কপি জমা দিতে হবে;
- (চ) মুক্তিযোদ্ধা কোর্টায় আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক সর্বশেষ সিদ্ধান্ত অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরীর আবেদনপত্রের সঙ্গে তাদের পিতার পিতা/ পিতার মাতা/মাতার পিতা/মাতার মাতা(প্রযোজ্য ক্ষেত্রে) এর সার্টিফিকেট বা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতি-স্বাক্ষরিত হতে হবে;
- (ছ) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি করপোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত সনদপত্র জমা দিতে হবে।
- (জ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং সিটি করপোরেশন এলাকা হলে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী পরিচয় বিষয়ক সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে।
- (ঝ) সকল সার্টিফিকেট/রেকর্ডপত্র সরকারি প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সত্যায়নকারী কর্মকর্তার সীল-এ অবশ্যই নাম ও পদবি উল্লেখ থাকতে হবে।
- ৮। সরকারি/ আধাসরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্র প্রেরণ করতে হবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না এবং বয়সসীমাও শিথিলযোগ্য নয়।
- ৯। প্রার্থীকে লিখিত পরীক্ষার তারিখ, সময় ও স্থান যথাসময়ে অবহিত করা হবে।
- ১০। বিভাগ ও শ্রেণীর পরিবর্তে সিজিপিএ গ্রহণযোগ্য। এ ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/ইউজিসি কর্তৃক নির্ধারিত নির্দেশনা অনুসরণ করা হবে।
- ১১। প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১২। খামের উপরে প্রার্থীর নিজের নাম ও ঠিকানা এবং প্রার্থীত পদের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।
- ১৩। আবেদনপত্র আগামী ২৭/০৭/২০১৭ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন মহাপরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই), সেক্টর ৮, প্লট ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০ ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে/ সরাসরি /কুরিয়ার সার্ভিসের মাধ্যমে পৌছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোনো আবেদন পত্র গ্রহণ করা হবে না।
- ১৪। অসম্পূর্ণ বা ভুল তথ্যপূর্ণ আবেদন বা বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। পরবর্তীতে এ বিষয়ে প্রার্থীর কোন প্রকার আবেদন- নিবেদন বা অভিযোগ গ্রহণযোগ্য হবে না।
- ১৫। কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রম/বিজ্ঞপ্তি সম্পূর্ণ অথবা আংশিক সংশোধন, গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে এবং এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১৬। এই নিয়োগ বিজ্ঞপ্তি বিপিআই এর ওয়েবসাইট bpi.gov.bd - এবং জালানি ও খনিজ সম্পদ বিভাগের ওয়েবসাইট www.emrd.gov.bd - এ পাওয়া যাবে।



(সানজিদা সোবহান)

পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)

ফোন : ৮৯৩৩৩৩৫



চাকরির আবেদন ফরম

৫৫৫ সে.মি.
ছবি
(সম্প্রতি তোলা, দুই কপি)

১.	পদের নাম:																				
২.	বিজ্ঞপ্তির নম্বর:										তারিখ:			দি	ন	মা	স	ব	৭	স	র
৩.	প্রার্থীর নাম	বাংলায়: ইংরেজিতে (বড় অক্ষরে):																			
৪.	জাতীয় পরিচয় নম্বর:										জন্ম নিবন্ধন নম্বর:										(যে কোন একটি)
৫.	জন্ম তারিখ:										৬. জন্মস্থান (জেলা):										
৭.	বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স:										বছর			মাস			দিন				
৮.	মাতার নাম:																				
৯.	পিতার নাম:																				
১০.	ঠিকানা:																				
	বর্তমান																				
	স্থায়ী																				
	বাসা ও সড়ক (নাম / নম্বর):																				
	গ্রাম/পাড়া/মহল্লা:																				
	ইউনিয়ন/ওয়ার্ড:																				
	ডাকঘর:																				
	পোস্টকোড নম্বর:																				
	উপজেলা:																				
	জেলা:																				
১১.	যোগাযোগ:																				
	মোবাইল/টেলিফোন নম্বর						ই-মেইল (যদি থাকে)														
১২.	জাতীয়তা:										১৩.	জেন্ডার:									
১৪.	ধর্ম:										১৫.	পেশা:									
১৬.	শিক্ষাগত যোগ্যতা:																				
	পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান	পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	গ্রেড/শ্রেণি/বিভাগ															
১৭.	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে):																				
১৮.	অতিরিক্ত বিবরণ (প্রয়োজ্য ক্ষেত্রে):																				
১৯.	কোটা (টিক দিন):		মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা						এতিম/শারীরিক প্রতিবন্ধী												
			ক্ষুদ্র নৃ-গোষ্ঠী			আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য			অন্যান্য (উল্লেখ করুন):												
২০.	চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর:										তারিখ:			দি	ন	মা	স	ব	৭	স	র
	ব্যাংক ও শাখার নাম:																				
২১.	বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন):										হ্যাঁ			না			প্রয়োজ্য নয়				
আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।																					
তারিখ:										দি	ন	মা	স	ব	৭	স	র	প্রার্থীর স্বাক্ষর			